

الْعَزِيزُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ৯ম নাম ‘আল আজিজ’ আজকের আলোচনার বিষয়।

‘আজিজ’ শব্দটি পবিত্র কোরআন মাজিদে ১১৯ বার এসেছে। এর মধ্যে আল্লাহ নিজেকে ‘আল আজিজ’ বলেছেন ৯২ বার। ‘আল আজিজ’ অর্থ সর্বশক্তিমান। কোরআন মজীদে অনেকবার ‘আল আজিজুল হকীম’ এসেছে, যার অর্থ ‘সর্বশক্তিমান, সর্বজ্ঞানী’ এবং ‘আল আজিজুর রহীম’ ও বহুবার এসেছে, যার অর্থ ‘সর্বশক্তিমান ও অতীব দয়াবান’।

পবিত্র কুরআন মজিদে ইরশাদ হচ্ছে:

هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْمَلِكُ الْقُدُّوسُ السَّلَامُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيزُ (۲۳)

সূরা আল হাশর ২৩ নং আয়াত -

তিনিই আল্লাহ, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই, তিনিই সর্বভৌম সম্রাট, তিনি সব ক্রটি থেকে পবিত্র। তিনি শান্তিদাতা, তিনি নিরাপত্তা দাতা, তিনি একমাত্র রক্ষক, তিনি মহাশক্তিধর।

وَاعْلَمَنَّ أَنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ (۲۶۰)

সূরা আল বাকারা ২৬০ নং আয়াত -

আর জেনে রাখো, অবশ্যি আল্লাহ সর্বশক্তিমান, সর্বজ্ঞানী।

وَاللَّهُ عَزِيزٌ ذُو انتِقَامٍ (۴)

সূরা আলে ইমরান ৪ নং আয়াত -

আল্লাহ অসীম ক্ষমতামণ্ডলী, (অপরাধের) দণ্ডদাতা।

وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿٩﴾

সূরা আশ শোয়ারা আয়াত নং: ৯, ৬৮, ১০৪, ১২২, ১৪০, ১৫৯, ১৭৫ ১৯১ –

আর তোমার প্রভু অবশি় মহাপরাক্রমশালী, পরম দয়াবান।

এই সূরা আশ শোয়ারায় অতীতের জাতির অবাধ্যতার কারণে তাদের উপর আযাবের বর্ণনা দেয়ার পর এই আয়াতটি বারবার এসেছে।

মুসলিম শরীফের হাদিস:

কোন মুসলিমের রক্ত, সম্পদ এবং মর্যাদা অন্য মুসলিমের জন্য অলংঘনীয়।

তিরমিজী শরীফের হাদিস:

যে ব্যক্তি তার ভাইয়ের সম্মান রক্ষা করবে, আল্লাহ তা'য়ালার বিচারের দিন তার মুখমন্ডলকে জাহান্নামের আগুন থেকে রক্ষা করবেন।

আসুন, সর্বশক্তিমান আল্লাহর সাথে আমরা কাউকে অংশীদার বানিয়ে শিরকের পাপে লিপ্ত না হই। শিরকের অপরাধ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমাউল্লাহি ওয়াবাবাকাতুহ।